

সিরাজউদ্দৌলা (১৯৬৫)

- সিকান্দার আবু জাফর

পাঠ- ০২

উদ্দেশ্য

এই নাট্যাংশ পড়ার পর শিক্ষার্থীরা-

১. ঘসেটি বেগমের নেতৃত্বে দেশি-বিদেশি ষড়যন্ত্রকারীরা কীভাবে নবাব সিরাজউদ্দৌলাকে সিংহাসনচ্যুৎ করার ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে, তা জানতে পারবে।
২. নবাব সিরাজউদ্দৌলা কীভাবে ষড়যন্ত্রকারীদের মোকাবিলা করার চেষ্টা করছেন, তা বর্ণনা করতে পারবে।

মূলপাঠ: সংক্ষিপ্ত

(প্রথম অঙ্ক)। নবাব সিরাজউদ্দৌলা মুর্শিদাবাদ থেকে সৈন্যবাহিনীসহ এসে ফোর্ট উইলিয়াম (কলকাতা) আক্রমণ ও দখল করলেন। ফোর্টের গভর্নর রজার ড্রেক পালিয়ে ভাগীরথী নদীর ওপর জাহাজে আশ্রয় নিলেন। অন্যদিকে ঘসেটি বেগমের বাড়িতে অমাত্যবর্গসহ গোপন বৈঠক হচ্ছে জেনে নবাব সিরাজউদ্দৌলা হঠাৎ এসে তাঁর খালা ঘসেটি বেগমকে নজরবন্দি করলেন এবং সেনাপতি মোহনলালকে শওকত জঙ্গ-এর বিরুদ্ধে যুদ্ধযাত্রার নির্দেশ দিলেন।

শব্দার্থ ও টীকা

শব্দার্থ-

ডাচ (Dutch) - (Holandise >) ওলন্দাজ, হল্যান্ড বা নেদারল্যান্ডের অধিবাসী।

ফরাসি- ফ্রান্স বা ফরাসি দেশের অধিবাসী।

সার্জন (Surgeon) - শল্যবিদ। সার্জন হলওয়েল ফোর্ট উইলিয়ামের ডেপুটি গভর্নর।

এডমিরাল (Admiral) - নৌবাহিনী প্রধান।

ফিরিঙ্গি- পর্তুগিজ বা ফরাসি দেশ বা ইউরোপীয় অধিবাসী।

গাউন (Goun)- লম্বা টিলা পোশাক।

নেটিভ (Native)- ভারতীয়।

দেওয়ান- শাসনকর্তা, গভর্নর।

আর্দালি (Orderly)- আজ্ঞাবহ, বেয়ারা।

নাচওয়ালি- নর্তকী, বাইজি।

একরারনামা- চুক্তিনামা।

টীকা:

ক. 'ব্রিটিশ-সিংহ ভয়ে লেজ গুটিয়ে নিলেন, এ বড় লজ্জার কথা।' - উমিচাঁদ, ১ম দৃশ্য

খ. 'ফরাসিরা ডাকাত আর ইংরেজরা অতিশয় সজ্জন ব্যক্তি, কেমন?' - সিরাজ, ১ম দৃশ্য

গ. 'ঘুষ খেয়ে খেয়ে ঘুষ কথাটার অর্থই বদলে গেছে আপনার কাছে।' - মার্টিন, ২য় দৃশ্য

ঘ. 'সিরাজের পতন কে না চায়?' - ঘসেটি বেগম, ৩য় দৃশ্য

ঙ. 'দওলত আমার কাছে ভগবানের দাদামশায়ের চেয়েও বড়।' - উমিচাঁদ, ৩য় দৃশ্য

চ. 'মতিবিলের জলসা আমি চিরকালের মতো ভেঙে দিলাম।' - সিরাজ, ৩য় দৃশ্য

প্রশ্নোত্তর পর্ব

পাঠোত্তর মূল্যায়ন

লিখিত ও মৌখিক

বিভিন্ন বোর্ড (২০১৬ - ২০১৯)